# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

বিষয়: - হেল্পলাইন সেবা প্রদান প্রসঙ্গে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে নিম্নোক্ত কর্মকর্তা ও কর্মচারীদের নামের পার্শে উল্লেখিত মোবাইল নম্বর (২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে অনলাইন ভর্তি)হেল্প লাইন সেবার কাজে নিয়োজিত থাকবে।

| | কর্মকর্তাবৃন্দের নাম ও পদবী | মোবাইল নম্বর |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ শামিম আল আমিন<br>প্রোগ্রামার<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | ০১৫৫২-৩২ ০৯ ৯১ |
| ০২ | জনাব মোঃ ফরমান আলী<br>সহকারি প্রোগ্রামার<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | ০১৫৫৩-৪৩ ০৬ ৫২ |
| ০৩ | মোঃ শামসুল ইসলাম<br>সহকারি কলেজ পরিদর্শক<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | ০১৭১০-৯৪ ৫৩ ৯১ |
| ০৪ | মোহাঃ আব্দুল লতিফ<br>ডাটা এন্ট্রি কম্পিউটার অপারেটর<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | ০১৯১৬-১৪ ৯৮ ১৩ |
| ০৫ | মোঃ মাসুদ রানা<br>ডাটা এন্ট্রি কম্পিউটার অপারেটর<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | ০১৭২৩-৬৬ ৫৪ ১৩ |
| ০৬ | এ. কে. এম জাহেদুল ইসলাম<br>কম্পিউটার কাজে নিয়োজিত (উমা: রেজি:)<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | ০১৭১২-১৪ ১২ ১৪ |

২০/৫/১৮

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

প্রাপক :

সিনিয়র সিষ্টেম এনালিষ্ট
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

২০/৫/১৮ ২০/৫/২০১৮ ২০/০৫/২০১৮

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
## বিজ্ঞপ্তি

স্মারক নম্বর- ১/কনি-২য় খন্ড-(২)/০১১ তারিখ : ১০/০৫/২০১৮

শিক্ষা ব্যবস্থায় উচ্চ মাধ্যমিক স্তরটি উচ্চ শিক্ষার প্রবেশদ্বার। মেধা ও যোগ্যতার ভিত্তিতে সকল শিক্ষার্থীর জন্য পাঠাধিকারের সুষম সুযোগ সৃষ্টি করা অতীব প্রয়োজন। নং- ৩৭.০০.০০০০.০৬৭.১৪.০০১.১৬-২২০ তারিখ : ০৭ মে ২০১৮ খ্রিষ্টাব্দ স্মারকপত্র অনুযায়ী উচ্চ মাধ্যমিক স্তরে (একাদশ শ্রেণি) ভর্তি নীতিমালা ২০১৮ জারী করা হ'ল।

১.০ সংজ্ঞা : <u>এই নীতিমালায়-</u>

১.১ 'বোর্ড' বলতে স্বীকৃত কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বুঝাবে।

১.২ কলেজ/সমমানের শিক্ষা প্রতিষ্ঠান বলতে দেশের কোন বোর্ড হতে উচ্চমাধ্যমিক/সমমানের স্তরে পাঠদানের জন্য অনুমতিপ্রাপ্ত বা স্বীকৃতিপ্রাপ্ত কোন শিক্ষা প্রতিষ্ঠানকে বুঝাবে।

১.৩ 'নির্ধারিত ফরম' বলতে ভর্তির জন্য নির্ধারিত অনলাইন আবেদন ফরম বুঝাবে ।

১.৪ "শিক্ষার্থী'/প্রার্থী" বলতে ছাত্র ও ছাত্রী উভয়কে বুঝাবে।

২.০ <u>ভর্তির যোগ্যতা ও শাখা নির্বাচন:</u>

২.১ **২০১৬, ২০১৭, ২০১৮** সালে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উম্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫, ২০১৬, ২০১৭, সালে এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ **২০১৮-২০১৯** শিক্ষাবর্ষে নীতিমালার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে কোন কলেজ/সমমানের প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে ভর্তির যোগ্য বিবেচিত হবে ।

২.২ বিদেশি কোন বোর্ড বা অনুরুপ কোন প্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক তাঁর সনদের মান নির্ধারনের পর দফা (২.১) এর অধীনে ভর্তির যোগ্য বিবেচিত হবে।

২.৩ ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরুপ গ্রুপ নির্বাচন করতে পারবে:

২.৩.১ বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি।

২.৩.২ মানবিক গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি এবং

২.৩.৩ ব্যবসায় গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক গ্রুপ এর যে কোন একটি ।

৩.০ **প্রার্থী নির্বাচনে অনুসরণীয় পদ্ধতি :**

৩.১ ভর্তির জন্য কোন বাছাই বা ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে না। কেবল শিক্ষার্থীর এস. এস. সি বা সমমান পরীক্ষার ফলের ভিত্তিতে ভর্তি করা হবে।

৩.২ বিভাগীয় এবং জেলা সদরের কলেজ/সমমানের প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজ/সমমান প্রতিষ্ঠানের ১০০% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে। মেধার ভিত্তিতে নির্বাচন করা হবে। মেধার ভিত্তিতে ভর্তিও পওে যদি বিশেষ অগ্রাধিকার প্রাপ্ত কোন আবেদনকারী থাকে তাহলে মোট আসনের অতিরিক্ত ৫% মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য, ৩% বিভাগীয় এবং জেলা সদরের বাইরের শিক্ষার্থীদের জন্য, ২% শিক্ষা মন্ত্রণালয় এর অধঃস্তন দপ্তরসমূহ এবং উচ্চ মাধ্যমিক পর্যয়ের শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা, শিক্ষক, কর্মচারি ও স্ব স্ব প্রতিষ্ঠানের গভর্ণিং বডির সদস্যেদের সন্তানদের জন্য, ০.৫% বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বি.কে.এস.পি.) এর জন্য এবং ০.৫% প্রবাসীদের সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে। উপর্যুক্ত কোটায় যদি প্রার্থী না পাওয়া যায় তবে এ আসন কার্যকর থাকবে না । মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানের সন্তানদের সনাক্তকরনের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে। শিক্ষা, বি.কে.এস.পি. এবং প্রবাসীদের সন্তান কোটার ক্ষেত্রেও ভর্তির সময় উর্পযুক্ত প্রমানপত্র দাখিল করতে হবে।

৩.৩ ৩.৩.১ সমান জিপিএ প্রাপ্তদের ক্ষেত্রে সর্বমোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে । বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা বোর্ড ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এর ক্ষেত্রে গ্রেড পয়েন্ট ও প্রাপ্ত নম্বর সমতুল্য করে হিসাব করতে হবে। তাছাড়া বিভিন্ন সালের গ্রেড পয়েন্ট ও প্রাপ্ত নম্বর সমতুল্য করে হিসাব করতে হবে।

৩.৩.২ বিজ্ঞান গ্রুপে ভর্তির ক্ষেত্রে সমান মোট নম্বর প্রাপ্তদের মেধাক্রম নির্ধারণের ক্ষেত্রে সাধারণ গণিত ও উচ্চতর গণিত/ জীব বিজ্ঞানে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনতে হবে।

৩.৩.৩ দফা ৩.৩.২ এর বিধান সত্বেও যদি প্রার্থী বাছাইকল্পে উদ্ভূত জটিলতা নিরসন না হয়, তবে পর্যায়ক্রমে ইংরেজি,পদার্থ বিজ্ঞান, রসায়নে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনতে হবে।

৩.৩.৪ মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর ক্ষেত্রে সমান মোট নম্বর বিষয়টি নিস্পত্তির লক্ষ্যে পর্যায়ক্রমে ইংরেজি, গণিত ও বাংলা বিষয়ে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনতে হবে।

৩.৩.৫ এক গ্রুরুপের প্রার্থী অন্য গ্রুপে ভর্তির ক্ষেত্রে জি.পি.এ একই হলে সর্বমোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারন করা হবে। এ ক্ষেত্রে প্রার্থী বাছাই করে উদ্ভূত জটিলতা নিরসন না হলে পর্যায়ক্রমে ইংরেজি, গণিত ও বাংলা বিষয়ে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনতে হবে।

৩.৪ এ নীতিমালায় যা কিছুই থাকুক না কেন স্কুল এন্ড কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিজস্ব প্রতিষ্ঠান হতে উত্তীর্ণ শিক্ষার্থীগণ প্রতিষ্ঠান নির্ধারিত যোগ্যতা সাপেক্ষে স্ব-স্ব বিভাগে(বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) অগ্রাধিকার ভিত্তিতে ভর্তির সুযোগ পাবে। প্রতিষ্ঠানের নিজস্ব শিক্ষার্থীদের স্ব-স্ব বিভাগে ভর্তি নিশ্চিত করেই কেবল অবশিষ্ট শূন্য আসনে প্রযোজ্য ক্ষেত্রে ধারা ৩.০ এর উপবিধান (৩.২) ও (৩.৩ ) অনুসরণ করে শিক্ষার্থী ভর্তি করানো যাবে। তবে এ সকল প্রতিষ্ঠানের সকল ভর্তিই অনলাইনে হবে।

৩.৫ কোন কলেজ/সমমানের প্রতিষ্ঠানে ভর্তির জন্য সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ নূন্যতম যোগ্যতা নির্ধারণ করতে পারবে।

৩.৬ কলেজ/সমমানের প্রতিষ্ঠান তাদের ভর্তি সংক্রান্ত সকল তথ্য ওয়েব সাইটে এবং নোটিশ বোর্ডে প্রকাশ করতে হবে।

৩.৭ সকল কলেজ / উচ্চ মাধ্যমিক/সমমানের বিদ্যালয়কে স্ব-স্ব প্রতিষ্ঠানে মন্ত্রণালয় ও তথা শিক্ষা বোর্ড কর্তৃক ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা ও সময় অনুযায়ী শিক্ষার্থী ভর্তি করবে। কোন প্রতিষ্ঠান মন্ত্রণালয় ও বোর্ড নির্ধারিত তারিখের বাইরে নিজ ইচ্ছামাফিক ভর্তি কার্যক্রম পরিচালনা করতে পারবে না।

৪.০ **অন লাইনে ভর্তি :**

৪.১ শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনে অথবা টেলিটক মোবাইল এস.এম.এস এর মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের জন্য ওয়েব এর ঠিকানা ।
WWW. Xiclassadmission. gov.bd

৪.২ অনলাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫ (পাঁচ) টি সর্বোচ্চ ১০(দশ)টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য আবেদন করতে পারবে। এসএমএস-এর মাধ্যমে প্রতি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য ১২০/- (একশত বিশ) টাকা আবেদন ফি প্রদান সাপেক্ষে একাধিক কলেজ/সমমানের প্রতিষ্ঠানে পর পর পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। অনলাইন/এস.এম.এস./উভয় পদ্ধতিতে সর্বমোর্ট ১০টি কলেজ/প্রতিষ্ঠানে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারন করা হবে।

৫.০ **বিজ্ঞপ্তি,ভর্তি ও ফি :**

৫.১ অনুচ্ছেদ ৮.২ অনুসরণপূর্বক কলেজ/সমমানের প্রতিষ্ঠানে বোর্ড কর্তৃক নির্ধারিত আসন সংখ্যা (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা শিফট, পুরুষ/মহিলা/সহশিক্ষা, ভার্সন) এবং বোর্ড কর্তৃক নির্ধারিত ভর্তি ফিসহ অনুমোদিত অন্যান্য সকল ফি, ভর্তির নূন্যকম যোগ্যতা ইত্যাদি তথ্য ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লেখ করে প্রতিষ্ঠানের নোটিশ বোর্ড এবং ওয়েব সাইটে প্রকাশ করবে।

৫.২ বোর্ডের পূর্বানুমতি ব্যতিত নির্ধারিত আসন সংখ্যার অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না। বোর্ডসমূহ স্ব-স্ব অধিক্ষেত্রে অবস্থিত কলেজ/সমমানের প্রতিষ্ঠানে এই বিধানের ব্যত্যয় রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে ।

৫.৩ অনলাইনে বোর্ড থেকে প্রাপ্ত ভর্তিযোগ্য প্রার্থীদের মেধাক্রম তালিকা কলেজের নোটিস বোর্ড ও সংশ্লিষ্ট কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা করবে ।

৫.৪ ভর্তির সময় প্রার্থীকে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র এবং যে শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রার্থী এস.এস.সি. বা সমমানের পরীক্ষায় অবতীর্ণ হয়েছিল সেই শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রশংসাপত্র দাখিল করতে হবে ।

৫.৫ ৫.৫.১ সেশন চার্জসহ ভর্তি ফি সর্বসাকুল্যে মফস্বল/পৌর (উপজেলা) এলাকায় ১,০০০/- (এক হাজার), পৌর (জেলা সদর) এলাকায় ২,০০০/- ( দুই হাজার), ঢাকা ব্যতিত অন্যান্য মেট্রোপলিটান এলকায় ৩,০০০/-(তিন হাজার) টাকার বেশি হবে না ।

৫.৫.২ ঢাকা মেট্রোপলিটান এলাকায় অবস্থিত এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে ৫,০০০/-(পাঁচ হাজার) টাকার অতিরিক্ত অর্থ আদায় করতে পারবে না। ঢাকা মেট্রোপলিটান একালায় অবস্থিত আংশিক এম.পি.ও.ভুক্ত বা এম.পি.ও. বহিভুত শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন এবং এম.পি.ও বহির্ভুত শিক্ষকদের বেতন-ভাতা প্রদানের জন্য শিক্ষার্থী ভর্তির সময় ভর্তি ফি, সেশন চার্জ ও উন্নয়ন ফিসহ বাংলা মাধ্যমে সর্বোচ্চ ৯,০০০/- (নয় হাজার) টাকা এবং ইংরেজি ভার্সনে সর্বোচ্চ ১০,০০০/- (দশ হাজার) টাকা গ্রহন করতে পারবে। উন্নয়ন খাতে কোন প্রতিষ্ঠান ৩,০০০/- (তিন হাজার) টাকার বেশি আদায় করতে পারবে না।

৫.৫.৩ সরকারি কলেজসমূহ সরকারি পরিপত্র অনুযায়ী প্রয়োজনীয় ফি সংগ্রহ করবে।

৫.৫.৪ দরিদ্র, মেধাবী ও প্রতিবন্ধী শিক্ষার্থী ভর্তিতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহ উল্লিখিত ফি যতদুর সম্ভব মওকুফের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৫.৬ কোন শিক্ষার্থীর নিকট হতে অনুমোদিত ফি-এর অতিরিক্ত কোন অর্থ গ্রহণ করা যাবে না এবং অনুমোদিত সকল ফি যথাযথ রশিদ প্রদানের মাধ্যমে গ্রহণ করতে হবে।

৫.৭ শিক্ষা বোর্ড শিক্ষার্থীদের নিকট হতে ভর্তির প্রাথমিক নিশ্চায়ন করার সময় শিক্ষার্থী প্রতি নিম্নোক্ত ফি গ্রহণ করবে :

| ক্রমিক নম্বর | বিবরণ | ফিসের পরিমাণ |
|---|---|---|
| ১. | রেজিস্ট্রেশন ফি | ১২০/- |
| ২. | ক্রীড়া ফি | ৩০/- |
| ৩. | রোভার/রেনজার ফি | ১৫/- |
| ৪. | রেড ক্রিসেন্ট ফি (২০/- টাকার ৪০%=৮/-টাকা) | ৮/- |
| ৫. | বিজ্ঞান ও প্রযুক্তি ফি | ৭/- |
| ৬. | বি.এন.সি.সি. ফি | ৫/- |
| ৭. | সর্বমোট= | ১৮৫/- |

৫.৮ শিক্ষা প্রতিষ্ঠান প্রতি শিক্ষার্থীর নিকট থেকে রেডক্রিসেন্ট ফি বাবদ (২০/- ৬০%) ১২/- টাকা গ্রহন করবে।

৫.৯ প্রতি শিক্ষাপ্রতিষ্ঠানকে বার্ষিক ক্রীড়া মঞ্জুরী ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা বোর্ডে প্রেরণ করত হবে ।

৫.১০ কোন শিক্ষার্থীর পাঠ বিরতি থাকলে ও বিলম্বে ভর্তি হলে তার নিকট হতে উল্লিখিত ফি-এর অতিরিক্ত নিম্নোক্ত ফি গ্রহণ করতে হবে, যথা:

| ক্রমিক নং | বিবরণ | পরিমান |
|---|---|---|
| ১. | পাঠ বিরতি ফি | ১০০/- |
| ২. | বিলম্ব ভর্তি ফি | ৫০/- |

৫.১১ ভর্তি কার্যক্রম সম্পন্ন হওয়ার পর বোর্ডের বিজ্ঞপ্তির ভিত্তিতে শিক্ষার্থীরা বোর্ডের অনুমতি সাপেক্ষে প্রয়োজনীয় ফি প্রদান করে কলেজ, গ্রুপ ও বিষয় পরিবর্তন করতে পারবে ।

৫.১২ ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা জমাদানের সময় প্রত্যেক প্রতিষ্ঠানকে বোর্ড কর্তৃক নির্ধারিত উল্লিখিত ফি এর বিবরণীর সাথে প্রতিষ্ঠান কর্তৃক খাতওয়ারী গৃহীত অন্যান্য ফি'র বিবরণী আলাদা ভাবে জমা দিতে হবে।

৬.০ ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাশ শুরু :

| ক্রমিক নং | বিষয় | তারিখ |
|---|---|---|
| ৬.১ | ভর্তির অনলাইন ও এসএমএস আবেদন গ্রহণ ( যারা পুন: নিরীক্ষনের জন্য আবেদন করবে তাদেরও এই সময়ের আবেদন করতে হবে) | ১৩/০৫/২০১৮ থেকে ২৪/০৫/২০১৮ |
| ৬.২ | আবেদন যাচাই বাছাই ও আপত্তি নিস্পত্তি | ২৫/০৫/২০১৮ থেকে ২৭/০৫/২০১৮ |
| ৬.৩ | শুধুমাত্র পুন: নিরীক্ষনের ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহন | ০৫/৬/২০১৮ থেকে ০৬/০৬/২০১৮ |
| ৬.৪ | ১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ১০/০৬/২০১৮ |
| ৬.৫ | শিক্ষার্থীর selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ১ম পর্যায়ের selection এবং আবেদন বাতিল হবে) | ১১/০৬/২০১৮ থেকে ১৮/০৬/২০১৮ |
| ৬.৬ | ২য় পর্যায়ের আবেদন গ্রহন | ১৯/০৬/২০১৮ থেকে ২০/০৬/২০১৮ |
| ৬.৭ | পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ | ২১/০৬/২০১৮ |
| ৬.৮ | ২য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ২১/০৬/২০১৮ |
| ৬.৯ | ২য় পর্যায়ের শিক্ষার্থীর selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ২য় পর্যায়ের selection এবং আবেদন বাতিল হবে) | ২২/০৬/২০১৮ থেকে ২৩/০৬/২০১৮ |
| ৬.১০ | ৩য় পর্যায়ের আবেদন গ্রহন | ২৪/০৬/২০১৮ |
| ৬.১১ | পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ | ২৫/০৬/২০১৮ |
| ৬.১২ | ৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ২৫/০৬/২০১৮ |
| ৬.১৩ | ৩য় পর্যায়ের শিক্ষার্থীর selection নিশ্চায়ন ( শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ৩য় পর্যায়ের selection এবং আবেদন বাতিল হবে) | ২৬/০৬/২০১৮ |
| ৬.১৪ | ভর্তি | ২৭/০৬/২০১৮ থেকে ৩০/০৬/২০১৮ |
| ৬.১৫ | ক্লাস | ১লা জুলাই, ২০১৮ |

৭.০ **কলেজ/সমমানের প্রতিষ্ঠান পরিবর্তন:**

৭.১ সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পূর্বানুমতি ছাড়া একাদশ শ্রেণিতে ভর্তিকৃত কোন ছাত্র/ছাত্রীর ছাড়পত্র ইস্যু করা যাবে না। কিংবা বোর্ডের পূর্বানুমতি ছাড়া শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত ছাড়পত্রের বরাতে ভর্তি করা যাবে না। তবে শুধু মাত্র সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের চাকুরীজীবি পিতা বা মাতার বদলীজনিত কারণে কোন ছাত্র/ছাত্রীর ছাড়পত্র ইস্যু করতে বা ভর্তি করতে বোর্ডের পূর্বানুমতি নেয়ার প্রয়োজন হবে না। এরূপ ক্ষেত্রে বদলীকৃত কর্মকর্তা/কর্মচারীর বদলীর আদেশপত্র প্রদর্শন করে প্রতিষ্ঠান হতে ছাড়পত্র নেয়া যাবে এবং নতুন কর্মস্থলে যোগদান পত্র দেখিয়ে সংশ্লিষ্ট চাকুরীজীবির সন্তানকে বদলীকৃত কর্মস্থলে উপযুক্ত কোন প্রতিষ্ঠানে ভর্তি করা যাবে। এ ক্ষেত্রে কলেজ/সমমানের প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে এ ধরনের ভর্তিকৃত ছাত্র/ছাত্রী ভর্তির ১৫(পনর) দিনের মধ্যে রেজিস্ট্রেশন ফিসহ প্রয়োজনীয় কাগজ-পত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে জমা দিতে হবে।

৭.২ কোন শিক্ষা প্রতিষ্ঠান কোন অবস্থাতেই সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে এস.এস.সি. বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থীর মূল একাডেমিক ট্রান্সক্রীপ্ট উক্ত শিক্ষার্থী বা তাঁর অভিভাবক ব্যতিত অন্য কোন ব্যক্তি বা শিক্ষা প্রতিষ্ঠানে হস্তান্তর করা যাবে না বা অন্য কোন অজুহাতে কোন শিক্ষার্থীর একাডেমিক ট্রান্সক্রীপ্ট আটক রাখতে যাবে না।

৮.০ **অনুমতি বা স্বীকৃতিবিহীন কলেজ/সমমনের প্রতিষ্ঠানে ভর্তি নিষিদ্ধ ঃ**

৮.১ পাঠদানের প্রাথমিক অনুমতিবিহীন কোন কলেজ/সমমানের প্রতিষ্ঠানে কোন অবস্থাতেই ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না। সকল বোর্ড এ ক্ষেত্রে সর্তকীকরণ বিজ্ঞপ্তি প্রদান করবে।

৮.২ পাঠদানের প্রাথমিক অনুমতিপ্রাপ্ত অথবা স্বীকৃতিপ্রাপ্ত কোন কলেজ/সমমানের প্রতিষ্ঠানে অননুমোদিত শাখা এবং অননুমোদিত কোন বিষয়ে ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না।

৯.০ **নীতিমালার প্রবর্তন ও প্রয়োগ :**

৯.১ দেশের সকল সরকারি ও বেসরকারি কলেজ/সমমানের প্রতিষ্ঠানে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ছাত্র/ছাত্রী ভর্তির ক্ষেত্রে এই নীতিমালা প্রযোজ্য হবে।

৯.২ শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে এই নীতিমালার কোনরূপ ব্যত্যয় ঘটানো হলে বেসরকারি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ক্ষেত্রে পাঠদানের অনুমতি বা স্বীকৃতি বাতিলসহ কলেজটির এম.পি.ও.ভূক্তি বাতিল করা হবে এবং সরকারি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন- ০৭২১-৭৭৫৯৬৩

স্মারক নম্বর- ১/কনি-২য় খন্ড-(২)/০১১

তারিখ : ২৭ বৈশাখ ১৪২৫
১০ মে ২০১৮

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা ।
২। উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা ।
৩। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১/২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। কমিশনার, (সকল বিভাগ)
৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর , বাংলাদেশ, ঢাকা।
৬। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর , ঢাকা ।
৭। পরিচালক , ব্যানবেইস, পলাসী নীলক্ষেত, ঢাকা ।
৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবারয়, ঢাকা
৯। চেয়ারম্যান মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/ কুমিল্লা/ যশোর/বরিশাল/ চট্টগ্রাম/ সিলেট/ দিনাজপুর
১০। চেয়ারম্যান , বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড , ঢাকা ।
১১। অধ্যক্ষ, (সকল)
১২। সচিব মহোদের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ , শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য )
১৪। পি. ও. টু অতিরিক্ত সচিব (কলেজ) / উপসচিব(কলেজ) শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

উপ- কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন- ০৭২১-৭৭৫৯৪২